# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৬২

১/ বিবিধ

আরবী

ما جاء من الله فهو الحق، وما جاء مني فهو السنة، وما جاء من أصحابي فهو سعة

ضعيف جدا

رواه ابن عدي (93/1) : حدثنا الحسن بن صالح بن حاتم بن وردان: حدثنا سعد بن سعيد عن أخيه عن أبيه عن أبي هريرة مرفوعا وقال

وهذا الحديث منكر، وإنما جاء عن شيخ ليس بمعروف وهو صالح بن جميل، فظن الحسن (يعني ابن علي العدوي) أنه صالح بن حاتم وهو صدوق فألزقه عليه العدوي هذا، وعامة ما حدث به إلا القليل موضوعات

ثم أورده في ترجمة سعد بن سعيد المقبري (174/1) من طريق صالح بن جميل الزيات: حدثنا سعد بن سعيد به، وقال

لا أعلم يرويه عن سعد بن سعيد بهذا الإسناد غير صالح بن جميل الزيات هذا، وسعد بن سعيد عامة ما يرويه غير محفوظ

قلت: وأخوسعد بن سعيد أسمع عبد الله، قال يحيى بن سعيد: استبان كذبه وقال الذهبي: ساقط بمرة

قلت: فهو آفة الحديث، وبه أعله عبد الحق في " الأحكام " رقم (137) وإن كان فيه العلتان الأخريان: جهالة صالح بن جميل، وضعف سعد بن سعيد

বাংলা

১০৬২। যা কিছু আল্লাহর নিকট হতে এসেছে তা হচ্ছে প্রাপ্য। আমার নিকট হতে যা কিছু এসেছে তা হচ্ছে সুন্নাত আর আমার সাথীদের থেকে যা কিছু এসেছে তা হচ্ছে পরিতৃপ্তি।

হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি ইবনু আদী (১/৯৩) আলহাসান হতে, তিনি সালেহ ইবনু হাতিম হতে, তিনি সায়াদ ইবনু সাঈদ হতে, তিনি তার ভাই হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে মারফূ' হিসেবে বর্ণনা করেছেন। অতঃপর বলেছেনঃ এ হাদীসটি মুনকার, এমন এক শাইখ হতে এসেছে যিনি পরিচিত নন। তিনি হচ্ছেন সালেহ ইবনু জামীল। আল-হাসান (ইবনু আলী আলআদাবী) ধারণা করেছেন যে, তিনি সালেহ ইবনু হাতিম তিনি সত্যবাদী। এই আদাবী তার উপর ইবনু হাতিমকে মিলিয়ে দিয়েছেন। সামান্য কিছু বাদে তার মাধ্যমে বর্ণিত অধিকাংশ হাদীসই বানোয়াট।

অতঃপর তিনি সায়াদ ইবনু সাঈদের জীবনীতে (১/১৭৪) সালেহ ইবনু জামীল আয-যাইয়্যাতের সূত্র ... বর্ণনা করে বলেছেনঃ সালেহ ইবনু জামীল যাইয়্যাত ছাড়া অন্য কেউ এ সনদে হাদীসটি সা'য়াদ ইবনু সাঈদ হতে বর্ণনা করেছেন কিনা জানি না। আর সা'য়াদ ইবনু সাঈদের অধিকাংশ বর্ণনাই নিরাপদ নয়।

আমি (আলবানী) বলছিঃ সায়াদের ভাইয়ের নাম হচ্ছে আব্দুল্লাহ। ইয়াহইয়া ইবনু সাঈদ বলেনঃ তার মিথ্যা প্রকাশিত হয়ে গেছে। যাহাবী বলেনঃ তিনি একেবারে সাকেত (নিক্ষিপ্ত)।

আমি (আলবানী) বলছিঃ তিনিই হাদীসটির সমস্যা। তার দ্বারাই আব্দুল হক "আল্-আহকাম" গ্রন্থে (নং (১৩৭) হাদীসটির সমস্যা বর্ণনা করেছেন। যদিও তাতে আরো দু'টি সমস্যা রয়েছেঃ সালেহ ইবনু জামীলের মাজহুল হওয়া এবং সায়াদ ইবনু সাঈদের দুর্বল হওয়া।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71941

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন